তারিখ ... 14 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

আজকের কাগজ

158

# ছাত্রদলের নতুন কমিটি নিয়ে বিতর্ক

## ❑ মন্ত্রীরা দু'দলে বিভক্ত

## ❑ কমিটি গঠন ২ মাস পেছাতে পারে

**গাজী আবুবকর সিদ্দিকীঃ** জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় আহবায়ক কমিটি গঠন করাকে কেন্দ্র করে বিএনপির নীতিনির্ধারক মহলে তীব্র বিতর্ক দেখা দিয়েছে। বর্তমান মন্ত্রী সভার কয়েকজন প্রভাবশালী মন্ত্রী ছাত্রদলের আহবায়ক কমিটিতে প্রকৃত ছাত্রদের অন্তর্ভুক্ত করার জন্যে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে পরামর্শ দিয়েছেন। অপরপক্ষ চাচ্ছেন ছাত্রদলের নেতৃত্বে তাদের পছন্দনীয় কেউ আসুক। সে ছাত্র হোক বা না হোক। এই জটিলতার কারণে ছাত্রদলের আহবায়ক কমিটি গঠন দেড় দু মাস পেছাতে পারে।

বিএনপির একটি দায়িত্বশীল সূত্র জানিয়েছে, কৃষি, সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রী মেজর জেনারেল (অবঃ) মজিদ-উল-হক, পররাষ্ট্র মন্ত্রী, এ এস এম মোস্তাফিজুর রহমানসহ কয়েকজন প্রভাবশালী মন্ত্রী প্রকৃত ছাত্রদেরকে ছাত্রদলের আহবায়ক কমিটিতে অন্তর্ভুক্ত করার জন্যে প্রধানমন্ত্রীকে পরামর্শ দিয়েছেন। তাঁদের যুক্তি হচ্ছে ছাত্রদলের ভাবমূর্তি পুনরুদ্ধার করতে হলে বিকল্প নেই। প্রধানমন্ত্রীও নীতিগতভাবে এই বক্তব্যকে সমর্থন করেছেন। সূত্র জানায়, উল্লেখিত মন্ত্রীরা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে রফিকুল ইসলাম জগলুকে আহবায়ক, ডাকসুর সদস্য শহিদ উদ্দিন চৌধুরী, মুহসীন হলের ভিপি শাহজাহান হাওলাদার সুজন ও ঢাকা মেডিকেল কলেজের ভিপি শরিফুল ইসলাম ববিকে যুগ্ম আহবায়ক করে ছাত্রদলের আহবায়ক কমিটি গঠনের পরামর্শ দিয়েছেন। সূত্র জানায়, বিএনপির মহাসচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ব্যারিস্টার আবদুস সালাম তালুকদার, তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদাসহ বেশ কয়েকজন মন্ত্রী ছাত্রদলের উল্লেখিত আহবায়ক কমিটির বিরোধিতা করেছেন। তাঁদের অভিমত হচ্ছে, ছাত্রদলের সদ্য বিলুপ্ত কেন্দ্রীয় কমিটির সভাপতি রুহুল কবীর রিজভী আহমেদ অথবা ফজলুল হক মিলনকে আহবায়ক এবং মজুর এলাহী, শহিদ উদ্দিন এনি ও শফিককে যুগ্ম আহবায়ক করে কমিটি গঠন করা হোক। ছাত্রদলের আহবায়ক কমিটি গঠনকে কেন্দ্র করে মন্ত্রী পর্যায়ে এই বিতর্ক দেখা দেয়ায় আপাতত কমিটি গঠন হচ্ছে না বলে সূত্রটি আভাস দিয়েছে।

উল্লেখ্য, গত ৪ সেপ্টেম্বর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের বিবদমান দু'টি গ্রুপের মধ্যে সংঘর্ষ এবং প্রতিদ্বন্দ্বী দুই ছাত্র খুন হওয়ার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ৬ সেপ্টেম্বর রাতে ছাত্রদলের কেন্দ্রীয় কমিটি বিলুপ্ত ঘোষণা করেন।